গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
চাঁনমারী, নারায়ণগঞ্জ।

স্মারক নং-এলজিইডি/নিঃপ্রঃ/নাঃগঞ্জ/টি-০১/২০০২/ তারিখ ঃ

" দরপত্র বিজ্ঞপ্তি নং-৩৩/২০০২-২০০৩ "

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় ২০০২-২০০৩ অর্থ বৎসরে নারায়ণগঞ্জ জেলার পল্লী অবকাঠামো উন্নয়ন (গুরুত্বপূর্ণ সড়ক ও হাটবাজার সমূহের উন্নয়ন প্রকল্প) ২য় খন্ড এর আওতায় ৩ টি স্কীম বাস্তবায়নের জন্য হালনাগাদ **নবায়নকৃত** এবং **"ফিট-ইন"** কৃত শ্রেণী ক্ষমতানুযায়ী এলজিইডি'র তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে বাংলাদেশ ফরম নং ২৯১১-তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির সত্যায়িত অনুলিপি অবশ্যই টেন্ডারের সাথে দাখিল করিতে হইবে।

০১।	দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান	ঃ	১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা। ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা। ৩। জেলা প্রশাসক, জেলা ঃ নারায়ণগঞ্জ। ৪। পুলিশ সুপার, জেলা ঃ নারায়ণগঞ্জ। ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঢাকা/গাজীপুর/নরসিংদী/মুন্সীগঞ্জ। ৬। উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। ৭। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে প্রাপ্ত টেন্ডার ও ড্রাফট টেন্ডার হিসাবে গন্য হইবে (Registered With A/D)
০২।	দরপত্র বাক্সে দরপত্র গ্রহনের তারিখ	ঃ	১৮-১২-২০০২ ইং তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর সমুহে।
০৩।	দরপত্র খোলার তারিখ	ঃ	১৮-১২-২০০২ ইং তারিখ দুপুর ১.৩০ ঘটিকা সংশ্লিষ্ট দপ্তর সমুহে।
০৪।	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	ঃ	১৭-১২-২০০২ ইং পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)
০৫।	বায়নার টাকা	ঃ	টেন্ডার নোটিশে উল্লেখিত টাকার বিডি/সিডি/পে-অর্ডার আকারে যে কোন তফসীল ব্যাংক হইতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ অনুকূলে।
০৬।	টেন্ডার সিডিউল এবং ২৯১১ নং ফরমে নির্ধারিত স্থানে শতকরা সমদর, উর্দ্ধদর বা নিম্নদর উল্লেখ করিতে হইবে।		
০৭।	টেন্ডার নোটিশ সহ বিস্তারিত তথ্য এলজিইডি'র Web Site (http:/www.lged.org) এ পাওয়া যাইবে।		
০৮।	বিস্তারিত টেন্ডার নোটিশ ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ও সংশ্লিষ্ট দপ্তর সমূহে জানা ও দেখা যাইবে। কর্তৃপক্ষ যে কোন টেন্ডার গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।		

" কাজের তালিকা "

ক্রমিক নং	কাজের নাম	প্রাক্কলিত অংক	বায়নার টাকার পরিমান	সিডিউল এর মূল্য	কাজ সমাপ্তির সময়	ঠিকাদারের শ্রেনী
১	২	৩	৪	৫	৬	৭
পল্লী অবকাঠামো উন্নয়ন (গুরুত্বপূর্ণ সড়ক ও হাটবাজার সমূহের উন্নয়ন) প্রকল্প ২য় খন্ড ঃ						
০১।	সোনারগাঁ উপজেলার সিএন্ডবি-পাঁচানী ভায়া মঙ্গলেরগাঁও বটতলা সড়কে ১০মিঃ চেইনেজে ৯.০০ মিঃমিঃ ডায়া ডাবলভেন্ট পাইপ কালভার্ট নির্মাণ।	২,৬৬,৮৬১/-	৮,০০০/-	৩০০/-	৯০ দিন	এলজিইডি'র জি-২, জি-৩ ও জি-৪ শ্রেণী।
০২।	সোনারগাঁ উপজেলার সিএন্ডবি-পাঁচানী ভায়া মঙ্গলেরগাঁও বটতলা সড়কে ০.৬০ কিঃমিঃ চেইনেজে ৪.০০মিঃ × ৪.০০মিঃ বক্স কালভার্ট নির্মাণ।	৫,২০,৮৩৩/-	১৬,০০০/-	৫০০/-	১২০ দিন	
০৩।	সোনারগাঁ উপজেলার সিএন্ডবি-পাঁচানী ভায়া মঙ্গলেরগাঁও বটতলা সড়কে ১.৮৫ কিঃমিঃ চেইনেজে ৪.০০মিঃ × ৫.০০মিঃ ডাবলভেন্ট বক্স কালভার্ট নির্মাণ।	১১,৯০,২৪৬/-	৩৬,০০০/-	৭৫০/-	১২০ দিন	

শর্তাবলী ঃ

ক) কাজের তালিকায় বর্নিত সংশ্লিষ্ট কাজের নামের বিপরীতে ৪নং কলামে প্রদর্শিত নির্ধারিত (Fixed) অংকের টাকা বায়নার টাকা হিসাবে "নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা ঃ নারায়ণগঞ্জ" এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা প্রদান করিতে হইবে। উল্লেখ্য দরপত্রের সাথে দাখিলকৃত নির্ধারিত (Fixed) বায়নার টাকার পরিমান কম হইলে দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

খ) কাজের বিস্তারিত স্পেসিফিকেশন ও অন্যান্য শর্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস এবং উপরে উল্লেখিত অফিস সমূহ হইতে জানা যাইবে।

গ) ২০০২-২০০৩ অর্থ বৎসরে লাইসেন্স নবায়নকৃত ঠিকাদার ব্যক্তিগতভাবে অথবা তাহার প্রতিনিধির মাধ্যমে স্কীমের তালিকায় উল্লেখিত নমুনা অনুযায়ী নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দলিলাদি ক্রয় করিতে পারিবেন।

ঘ) কার্য সম্পাদনের প্রতিটি পর্যায়ের সময়সীমা উল্লেখ পূর্বক ওয়ার্ক সিডিউল দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। ওয়ার্ক সিডিউল ব্যতিরেকে কোন দরপত্র গ্রহন করা হইবে না এবং উহা সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

ঙ) দর দাখিলের নির্দিষ্ট স্থানে সার্বিক (Over all) শতকরা হার উর্দ্ধদর/নিম্নদর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। দর লেখায় কোনরূপ কাটা, ছেড়া, ঘষা-মাঝা কিংবা উপরিলিখন (Over writing) করা যাইবে না। দরপত্রে উল্লেখিত দরে অনুস্বাক্ষর বিহীন কাটা, ছেড়া/ঘষা-মাঝা থাকিলে উক্ত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

চ) শতকরা ৫% (পাঁচ) ভাগ অপেক্ষা অধিক নিম্নদরের দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

ছ) শতকরা ৫% (পাঁচ) ভাগ অপেক্ষা অধিক উর্দ্ধদর দাখিলের ক্ষেত্রে অবশ্যই দরপত্রের সহিত আইটেমওয়ারী দর বিশ্লেষন দাখিল করিতে হইবে। দর বিশ্লেষনের কোন ফটোকপি কিংবা কাটাছেড়া/ঘষা-মাঝা/উপরিলিখন (Over writing) গ্রহনযোগ্য হইবে না। দর বিশ্লেষন বিহীন কিংবা দর বিশ্লেষনের ফটোকপি সম্বলিত দরপত্র তাৎক্ষনিকভাবে বাতিল বলিয়া গন্য হইবে। এলজিইডি'র রেট সিডিউলের বিভিন্ন আইটেমের দর বিশ্লেষনে প্রদর্শিত বিভিন্ন উপাংশের মালামালের পরিমান চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

জ) ২৯১১ নং ফরম ও সিডিউলে নির্দিষ্ট স্থানে অংকে ও কথায় স্পষ্ট ভাবে প্রদত্ত দর উল্লেখ করিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

ঝ) দরপত্র দলিলাদির প্রতি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষর থাকিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

ঞ) দরপত্রের সহিত ঠিকাদারী তালিকাভূক্তি/পূর্বযোগ্যতা লাইসেন্সের এর সত্যায়িত ফটোকপি, ভ্যাট রেজিষ্ট্রেশন এবং ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার (টিআইএন) এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

ট) সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সাথে অবশ্যই জমা দিতে হইবে এবং জমাকৃত খামের উপর শুধুমাত্র কাজের নাম ও □□□পের কোড নং স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

ঠ) দরপত্র দলিলাদী ক্রয়ের সময় ঠিকাদারের উপস্থিতি বা তালিকাভূক্তি/পুর্বযোগ্যতার কাগজ-পত্র দেখানোর প্রয়োজন হইবে না। ঠিকাদারগন নিজে অথবা তাহাদের যে কোন প্রতিনিধির মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন অফিস হইতে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করিতে পারিবেন।

ড) দরপত্র সমূহ বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র গ্রহনকারী অফিস সমূহে প্রাপ্তি স্বীকৃতব্য রেজিষ্ট্রী ডাকযোগে (Registered with A/D) অথবা কুরিয়ার সার্ভিস যোগে দাখিল করা যাইবে। তবে এ ক্ষেত্রে দরপত্র সমূহ দরপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ও সময়ের পূর্বেই সংশ্লিষ্ট অফিসে পৌছানো নিশ্চিত করিতে হইবে। দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ের (**তারিখ ঃ ১৮-১২-২০০২ ইং; সময় দুপুর ১.০০ ঘটিকা**) পরে প্রাপ্ত দরপত্র কোন অবস্থাতেই গ্রহনযোগ্য হইবে না।

ঢ) কোন দরপত্র দাতা দরপত্র ক্রয় বা দরপত্র দাখিলের সময় অন্যান্য দরপত্র দাতাকে দরপত্র দাখিলে বাধা প্রদান করিলে বা বাধা প্রদানে সহায়তা করিলে বা দরপত্র দাখিলের ক্ষেত্রে আতাঁত সৃজনের উদ্যোগ গ্রহন করিলে বা সহায়তার প্রমান পাওয়া গেলে সংশ্লিষ্ট ঠিকাদারের দাখিলকৃত দরপত্রটি এবং তাঁহার ঠিকাদারী তালিকাভূক্তি বাতিল করা হইবে।

ণ) কোন কাজের দরপত্র মূল্যায়নের পরে একই সর্বনিম্ন দরে (Identical Lowest Rate) একাধিক দরপত্র দাখিল করা হইলে ঐ কাজের/কাজ গুলির ক্ষেত্রে প্রকাশ্য লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হইবে। ২৩-১২-২০০২ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় অত্র দপ্তরের সভা কক্ষে লটারী অনুষ্ঠিত হইবে।

ত) বিভাগীয়/উদ্ধারকৃত মালামাল (Salvaged Materials) এর মূল্য Fixed amount হিসাবে সিডিউলে উল্লেখ থাকিবে যাহা বিল হইতে কর্তন করা হইবে। কোন অবস্থাতেই Fixed amount পরিবর্তন করা হইবে না।

থ) প্রকল্পের গুনগত মান নিয়ন্ত্রনের জন্য প্রতিটি আইটেমের Specification এ বর্নিত নির্দিষ্ট মান অর্জনের স্বাপেক্ষে প্রয়োজনীয় Lab Test Result দ্বারা সমর্থিত সন্তোষজনক কাজ ছাড়া কোন বিল প্রদান করা হইবে না।

দ) নির্মাণ কাজের সকল স্তরের প্রয়োজনীয় ন্যুনতম সংখ্যক ল্যাব টেষ্ট পরীক্ষার তালিকা টেন্ডার সিডিউলের সহিত সংযুক্ত থাকিবে এবং উক্ত তালিকা অনুযায়ী Lab Test Fee বিল হইতে কর্তন করা হইবে।

ধ) সড়ক উন্নয়নের ক্ষেত্রে বিভাগীয় রোলার ব্যবহার করিয়া কাজ সম্পাদন করিলে রোলার ভাড়া বিল হইতে কর্তন করা হইবে।

ন) টেন্ডার সিডিউলের সহিত প্রতিটি আইটেমের Quantity হিসাবে রোলার ভাড়ার হার এবং ব্যবহৃত দিবস হিসাবে (Daily Basis) ভাড়ার হার সংযুক্ত থাকিবে এবং এই দুইয়ের মধ্যে যাহা বেশী তাহাই বিল হইতে কর্তন করা হইবে।

প) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

(মোঃ রওশন কবির)
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং-এলজিইডি/নিঃপ্রঃ/নাঃগঞ্জ/টি-০১/২০০২/ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরন করা হইল ঃ

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন/রক্ষনাবেক্ষন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা অঞ্চল, এলজিইডি, ৬২, পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫। জেলা প্রশাসক, জেলা ঃ নারায়ণগঞ্জ।
৬। পুলিশ সুপার, জেলা ঃ নারায়ণগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী (রক্ষনাবেক্ষন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ঢাকা/গাজীপুর/নরসিংদী/মুন্সিগঞ্জ।
৯। সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন), কক্ষ নং ৮০৭, ভবন নং ৪, তথ্য মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত একাধিক জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র গ্রহনের কমপক্ষে ১৫ (পনর) দিন পূর্বে প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
১০। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার উপজেলা, জেলা ঃ নারায়ণগঞ্জ।
১১। সহকারী প্রকৌশলী (জিআইএস), জিআইএস ইউনিট, লেভেল-৪, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১২। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, জেলাঃ নারায়ণগঞ্জ।
১৩। নোটিশ বোর্ড ।

(মোঃ রওশন কবির)
নির্বাহী প্রকৌশলী